# Times Today BD

জেলা প্রতিনিধি | ঢাকা | 18 April, 2025

ঢাকা-মাওয়া এক্সপ্রেসওয়ের মুন্সীগঞ্জের শ্রীনগর উপজেলার সামষপুরে বরিশাল এক্সপ্রেসের যাত্রীবাহী বাস কাভার্ডভ্যানের সাথে সংঘর্ষে বেশ কয়েকজন আহত হয়েছে।বৃহস্পতিবার (১৮ এপ্রিল) রাত সাড়ে ৯টার দিকে এ ঘটনা ঘটে।এসময়  বাসের ছাদ উড়ে গেলেও ছাদ বিহীন বাসটি  মাওয়া পর্যন্ত ৫ কিলোমিটার পথ গাড়ি চালিয়েছেন চালক। পরে জনরোষে গাড়ি থামাতে বাধ্য হয় চালক।বাসটিতে ৬০ জন যাত্রী ছিলেন বলে জানা গেছে। বাসের যাত্রী আহমেদ আলী জানান, সায়দাবাদ থেকে সাড়ে ৮টার দিকে ছেড়ে আসে বরিশালের উদ্দেশ্যে ঘন্টা খানেক পর ঢাকা মাওয়া এক্সপ্রেসওয়ে উঠলে প্রথমে একটি মাইক্রোবাসের সঙ্গে ধাক্কা লাগে।তখন তেমন কিছু হয়নি, তার ২ মিনিট পর কাভার্ডভ্যানের সাথে সংঘর্ষে হয়, তখন বাসের ছাদ উড়ে যায়।

কযেকজন আহত হয়।তারপরও চালক গাড়ি না থামিয়ে সেই অবস্থায় গাড়ি চালিয়ে প্রায় ৫ কিলোমিটার যায়। পরে এলাকাবাসীর সহযোগিতার বাস থামাতে বাধ্য হয় চালক। গাড়ি থামিয়ে চালক পালিয়ে যায়।তারা গাড়িতে ৬০ জন যাত্রী ছিল তাদের আল্লাহর রহমতে বেঁচে গেছে। হাসাড়া হাইওয়ে থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুল কাদের জিলানী জানান, বৃহস্পতিবার রাত সাড়ে ৮টার দিকে সায়দাবাদ থেকে ছেড়ে আসা বরিশালগামী যাত্রীবাহী বাস বরিশাল এক্সপ্রেস শ্রীনগরের সামষপুরে রাত সাড়ে ৯টার দিকে এসে প্রথমে একটি মাইক্রোবাসের সাথে ধাক্কা লাগে, পরে একটি কাভার্ডভ্যানের সাথে সংঘর্ষ হলে বাসের ছাদ উড়ে যায়।

যাত্রীদের আর্ত চিৎকারে স্থানীয়রা লৌহজংয়ের কুমারভোগ এলাকার ছিদ্দিকীয়া মাদ্রাসার সামনে বাসটির পথ রোধ করে বাসটি আটক করে। স্থানীয়রা বাসকে আটক করলেও চালক পালিয়ে গেছেন বলে জানান পদ্মা সেতুর উত্তর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা জাকির হোসেন। ওসি আরও বলেন, শ্রীনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে গুরুতর আহত একজনকে চিকৎসা দিয়ে ঢাকা পাঠানো হয়েছে। বাকিদের প্রাথমিক চিকিৎসা দিয়ে ছেড়ে দেওয়া হয়।

বাস সংঘর্ষ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 09:30

URL: https://www.timestodaybd.com/public/dhaka/2507031011